গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ১০

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৯

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ২০

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ২২

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ২৩

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ শিক্ষার মানোন্নয়ন ও সম্প্রসারণের জন্য নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি, স্বীকৃতি, শিক্ষার্থী ভর্তি , শিক্ষার্থীদের নিবন্ধন প্রদান, পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার ফল প্রকাশ, ফল পুন:নিরীক্ষণ এবং নম্বরপত্র ও সনদপত্র প্রদানের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করে থাকে। নির্ধারিত সময়ে এসএসসি ও এইচএসসি পরীক্ষা শুরু করা হয়ে থাকে। করোনা অতিমারির কারণে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি এবং ২০২৩ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা যথা সময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। ২০২৪ সালের এসএসসি পরীক্ষা যথাসময়ে সম্পন্ন হয়েছে ও এইচএসসি পরীক্ষার পূর্ব প্রস্তুতি চলমান রয়েছে। বিগত তিন বছরে ৫০ টি স্থাপনের অনুমতি, ৭০ টি পাঠদানের অনুমতি এবং ৬৫ টি একাডেমিক স্বীকৃতি প্রদান করা হয়েছে । বিগত ৩ সেশনে মাধ্যমিক পর্যায়ে ৩,৭১,৮৬৮ জন এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২,১২,৭২৩ জন শিক্ষার্থীর অনলাইনে ভর্তি ও নিবন্ধন সম্পন্ন করা হয়েছে। ২০২১, ২০২২ ও ২০২৩ সালে এসএসসি পরীক্ষায় ৩,৩০,৫৪৭ জন এবং এইচএসসি পরীক্ষায় ১,৬৯,১৮২ জন শিক্ষার্থীকে উত্তীর্ণ ঘোষণা করা হয়েছে। এছাড়া বিগত তিন বছরে ৬,৩৫১ জন শিক্ষার্থীর নাম ও ৬০৩ জন শিক্ষার্থীর বয়স সংশোধন করা হয়েছে। বোর্ডের সকল প্রকার ফি অনলাইন/ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। ফলে বিশেষ প্রয়োজন ব্যতীত কোন সেবা গ্রহীতাকে বোর্ডে আসতে হয়নি।
যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ পালন করা হয়েছে। বোর্ড ক্যাম্পাসে হৃদয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার এবং নিজস্ব অর্থায়নে ০৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন করা হয়েছে। এছাড়াও নিজস্ব অর্থায়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ১২১০ কপি গ্রন্থ বিতরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

(১) করোনা অতিমারির পর শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম, সিলেবাস ও পরীক্ষা অনুষ্ঠানের সময় স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা; (২) নতুন শিক্ষাক্রম ও এর পাঠদান পদ্ধতির সাথে শিক্ষকদের অভ্যস্ত করে তোলা এবং ক্রমান্বয়ে তাঁদের দক্ষতা বৃদ্ধি করা ; (৩) নতুন শিক্ষাক্রম এবং এর পঠনপদ্ধতির সাথে শিক্ষার্থীদের অভ্যস্ত করে তাঁদের স্বাভাবিক বুদ্ধিভিত্তিক বিকাশকে ত্বরান্বিত করা ; (৪) নতুন শিক্ষাক্রম পদ্ধতির প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়নে প্রশিক্ষিত ও দক্ষ শিক্ষকের অভাব; (৫) নকলমুক্ত পরিবেশে সুশৃঙ্খলভাবে পাবলিক পরীক্ষা গ্রহণ; (৬) সর্বত্র তথ্যপ্রযুক্তি নির্ভর সেবা পৌঁছানো; (৭) পাবলিক পরীক্ষায় সংযোজিত নতুন নতুন বিষয়ের শিক্ষক স্বল্পতা; (৮) বিদ্যুতবিহীন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম ও প্রতিষ্ঠান পরিচালনায় প্রতিবন্ধকতা ; (৯) প্রতিষ্ঠানে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি বিষয়ক মামলা-মোকদ্দমা ও স্থানীয় বিবদমান গ্রুপের দ্বন্দ্ব নিরসন; (১০) বোর্ডের নিজস্ব ভবন না থাকায় প্রশিক্ষণ, সভা অনুষ্ঠান আয়োজন করা ও পরীক্ষা সামগ্রী নিরাপদে সংরক্ষণ করা; (১১) আইটি সংশ্লিষ্ট দক্ষ জনবলের অভাব।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বোর্ডের নিজস্ব ভবনের জন্য জমি ক্রয় ও ভবন নির্মাণ, জনবল কাঠামো অনুমোদন সাপেক্ষে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের ব্যবস্থা করা, সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে আইটি শাখাকে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলা, সেবা সহজিকরণের লক্ষ্যে তথ্যপ্রযুক্তির মাধ্যমে সেবাগ্রহিতাদের দোরগোড়ায় সকল সেবা পৌঁছে দেয়া, পরীক্ষার ফলাফলসহ বোর্ডের সকল তথ্য ডিজিটালাইজড করা এবং নিজস্ব ডিজিটাল আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে তথ্যাদি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা, কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা, প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের সকল প্রকিউরমেন্ট অন-লাইনের মাধ্যমে সম্পাদন।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বোর্ডের নিজস্ব ভবনের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া শুরু করা ও জনবল কাঠামো অনুমোদন সাপেক্ষে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের উদ্যোগ গ্রহণ করা , বোর্ডের আইটি শাখাকে স্বয়ংসম্পূর্ণ করে তোলা, কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা, প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ...জুন... মাসের ...২৬... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষার ভিত শক্তিশালীকরণে মানসম্মত শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

প্রবিধান প্রণয়ন, তদারকি, নিয়ন্ত্রণ, উন্নয়ন এবং শিক্ষার্থীদের সর্বোচ্চ জ্ঞান অর্জন, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি ও মানসম্পন্ন কার্যকর সেবা প্রদানের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা আধুনিকায়ন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়ন
২. পরীক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়ন
৩. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তি নির্ভর সেবা প্রদান নিশ্চিতকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. শিক্ষা প্রতিষ্ঠান পাঠদানের অনুমতি ও স্বীকৃতি প্রদান;
২. শিক্ষার্থীদের ভর্তি ও নিবন্ধন এবং নিবন্ধন সনদ প্রদান;
৩. এসএসসি ও এইচএসসি পরীক্ষা পরিচালনা, ফল প্রকাশ, ফল পুনঃনীরিক্ষণ;
৪. একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ প্রদান বা বাতিল ;
৫. শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি অনুমোদন;
৬. নাম ও বয়স সংশোধন (আইন ও বিধি মোতাবেক); Online এর মাধ্যমে আবেদন গ্রহণ করে তার সমাধান করা;
৭. সরকারি নীতিমালার ভিত্তিতে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান, ফল প্রক্রিয়াকরণ এবং উত্তরপত্র মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)